# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৬৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

## আরবী

وَعَن عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَقَامُ الرَّجُلِ بِالصَّمْتِ أَفْضَلُ مِنْ عِبَادَةِ سِتِّينَ سنة»

## বাংলা

৪৮৬৫-[৫৪] ’ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তির নীরব থাকায় যে মর্যাদা লাভ হয়, তা ষাট বছরের নফল ’ইবাদাতের চেয়েও উত্তম।[1]

## ফুটনোট

[1] সহীহ : আলবানী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসে (بالصمت) শব্দটি تصحيف (তাসহীফ) বা ভুল করে বানানো হয়েছে। মিশকাত গ্রন্থকার এ অধ্যায়ে হাদীসটিকে দলীল হিসেবে পেশ করাতে বুঝা যাচ্ছে তিনি তাসহীফ তথা লিখতে ভুল করেছেন। সঠিক হলো : الصف দারিমী, হাকিম সহ অন্যরা এভাবেই বর্ণনা করেছেন। আর তাদের সেই বর্ণনাগুলো সহীহ। যেমনিভাবে আমি (আলবানী) ‘‘আস্ সহীহাহ্’’ এর ৯০২ নং এ বর্ণনা করেছি। দেখুন- হিদায়াতুর্ রুওয়াত ৪/৩৯০ পৃঃ, শু‘আবুল ঈমান ৪৯৫৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَقَامُ الرَّجُلِ بِالصَّمْتِ) কোন ব্যক্তির জন্য অনর্থক কাজের চেয়ে চুপচাপ থাকা তথা নিরবতা অবলম্বন করা। (أَفْضَلُ مِنْ عِبَادَةِ سِتِّينَ سنة) ষাট বছর ‘ইবাদাতের চেয়ে উত্তম তথা ‘ইবাদাতের পাশাপাশি অধিক কথা বলা এবং সৎকাজে সুপ্রতিষ্ঠিত না থাকার চেয়ে চুপ থাকাই উত্তম।

‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ ‘ইবাদাত করতে গিয়ে অনেক সমস্যায় পড়তে হয় আর নিরবতা অবলম্বন করলেই তা থেকে পরিত্রাণ পাওয়া যায়। যেমন- হাদীসে এসেছে, مَنْ صَمَتَ نَجَا যে চুপ থাকল সে পরিত্রাণ

পেল। (মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75589

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন